

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ: ০৬ আগস্ট, ১৪২৩ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ২১/মূসক/২০১৬—যেহেতু, খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ওএমএসসহ সুলভমূল্য কার্যক্রমে নিরোজিত ডিলারদেরকে এ সংক্রান্ত নীতিমালার আলোকে বিক্রয়লব্ধ প্রতি কেজি চালের জন্য ৮১.৫০ (এক দশমিক পাঁচ শুন্য) টাকা এবং প্রতি কেজি গমের জন্য ৮১.০০ (এক) টাকা হিসাবে পরিচালন ব্যয় প্রদান করা হইয়া থাকে এবং ডিলারগাম উক্ত পরিচালন ব্যয় হইতে খাদ্যশস্য উত্তোলন, পরিবহন, কর্মচারীদের পারিশ্রমিকসহ অন্যান্য ব্যয় নির্বাহ করিয়া থাকেন; এবং

যেহেতু, ডিলারদের উক্ত পরিচালন ব্যয়ের উপর মূল্য সংযোজন কর (মূসক) কর্তন করা হইলে উহার ফলে এ কর্মসূচীর সুবিধাভোগী প্রাপ্তিক জনগোষ্ঠী তাহাদের প্রাপ্ত সুবিধা হইতে বাধিত হইবেন— যাহা সর্বিকভাবে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় খাদ্যশস্য বিপণন কর্মসূচীকে বাধাগ্রহ করিবে মর্মে খাদ্য মন্ত্রণালয় ডিলারদের কমিশনের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ জানাইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, খাদ্য মন্ত্রণালয় তথা খাদ্য অধিদপ্তরের উল্লিখিত সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় গৃহীত দেশের প্রাপ্তিক জনগোষ্ঠীর জন্য প্রদত্ত সুবিধা বাঁধাহীন ও সুলভ করিবার লক্ষ্যে সংশ্লিষ্ট ডিলারদের কমিশনের উপর প্রযোজ্য ১৫% মূল্য সংযোজন কর (মূসক) প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ ফরিদ উদ্দিন

ভারপ্রাপ্ত চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১৪৮৭১ )

মূল্য : টাকা ৮.০০